

মাস্তানি চলবে না : আনিসুল হক

কালের কণ্ঠ অনলাইন ২৯ নভেম্বর, ২০১৫ ১৬:০৫ | পড়া যাবে ২ মিনিটে

প্রিন্ট



অ- অ অ+

রাজধানীর তেজগাঁও ট্রাকস্ট্যান্ড এলাকায় অবৈধ স্থাপনা উচ্ছেদের সময় স্থানীয় শ্রমিকরা বাধা দেওয়ায় পুলিশ রাবার বুলেট নিক্ষেপ করেছে। এ ঘটনায় জসিম উদ্দিন (৪০) নামে এক কাভার্ড ভ্যানচালক আহত হয়েছেন। আহত এই শ্রমিককে নিহত হওয়ার গুজব ছড়িয়ে পুলিশের ওপর চড়াও হয়েছেন স্থানীয় শ্রমিকরা। আজ রবিবার দুপুর পৌনে ২টার দিকে এ ঘটনা ঘটে। এ সময় বিষয়টি নিয়ে কথা বলার জন্য বাংলাদেশ ট্রাক ও কাভার্ড ভ্যান ড্রাইভার্স ইউনিয়নের কার্যালয়ে গেলে ঢাকা উত্তরের মেয়র আনিসুল হককে অবরুদ্ধ করে রাখেন তাঁরা।

পরিস্থিতি সম্পর্কে অবরুদ্ধ মেয়র বেসরকারি টেলিভিশনের সাংবাদিকদের বলেন, মান্তানি চলবে না। যারা মান্তানি করছেন, তাদের বলছি, এসব মান্তানি চলবে না। আমার পেছনে মাননীয় প্রধানমন্ত্রীর, মানুষের সমর্থন আছে। ঢাকা শহরে এসব অবৈধ কাজ হবে না।

বিষয়টি নিয়ে কথা বলার জন্য মেয়র আনিসুল হক বাংলাদেশ ট্রাক ও কাভার্ড ভ্যান ড্রাইভার্স ইউনিয়নের কার্যালয়ে যান। তখন তাঁকে অবরুদ্ধ করে রাখা হয়। উত্তেজনার একপর্যায়ে আহত জসিমকে নিহত হওয়ার গুজব ছড়িয়ে শ্রমিকরা পুলিশের ওপর চড়াও হন। এতে পুলিশ ও শ্রমিকের মধ্যে দফায়-দফায় ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। এ সময় শ্রমিকরা রাস্তার বিভিন্ন যানবাহনে ভাঙচুর চালান।

প্রত্যক্ষদর্শীরা বলেন, দুপুরে সিটি করপোরেশনের লোকজন ট্রাকস্ট্যান্ড উচ্ছেদের অভিযান শুরু করেন। এ সময় সেখানে ছিলেন রেলমন্ত্রী মুজিবুল হক ও ঢাকা উত্তরের মেয়র আনিসুল হক। উচ্ছেদ অভিযান শুরুর কিছুক্ষণ পরই চালক ও স্থানীয় লোকজন উচ্ছেদকারীদের ওপর ইটপাটকেল ছুড়তে শুরু করেন। পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে ও মন্ত্রী-মেয়রকে রক্ষা করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী গুলি চালায়। এতে এক ট্রাকচালক আহত হন।

প্রত্যক্ষদর্শীদের দাবি, আহত ট্রাকচালকের নাম জসিমউদ্দিন। তাঁকে দ্রুত ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হয়েছে। এদিকে আহত জসিমকে চিকিৎসার জন্য ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতালে পাঠানো হয়েছে বলে জানান ঢামেক পুলিশ ক্যাম্পের এএসআই সেন্টু চন্দ্র দাস। শেষ খবর পাওয়া পর্যন্ত রাস্তার ওপর টায়ার জ্বালিয়ে বিক্ষোভ করেন শ্রমিকরা। এ সময় শ্রমিক ও পুলিশের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া চলছিল।